# টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়
## টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

ফোন- অফিস: ০২৬৬৫৬৩০২

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মুলমন্ত্র

স্মারক নং- টুঙ্গি/পৌর/ইজারা/২০২৪/৪৪

তারিখঃ ১৮/০২/২০২৪ খ্রিঃ

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলাস্থ টুঙ্গিপাড়া পৌরসভার নিয়ন্ত্রণাধীন নিম্ন বর্নিত পাটগাতী হাট-বাজার বাংলা ১৪৩১ সালের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪৩১ বাংলা সাল) ০১ (এক) বৎসর মেয়াদে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে ইজারা দেয়া হবে। নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম অফিস চলাকালীন সময়ে পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সোনালী ব্যাংক, টুঙ্গিপাড়া শাখা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, টুঙ্গিপাড়া থানা এর দপ্তর হতে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময় পর্যন্ত খরিদ করা যাবে। উক্ত সময়ের পরে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র সমূহ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, পুলিশ সুপার এর কার্যালয় এবং জেলা প্রশাসকের দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | সম্ভাব্য ইজারা মূল্য | ইজারা সন | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১। | পাটগাতী হাট বাজার বাসষ্ট্যান্ড ফুটপাত বাজারসহ এবং গরু, ছাগল ও ভ্যান/রিকসা/ সাইকেলের হাট | **২৫,৭২,০০০/-(পঁচিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা মাত্র** | বাংলা ১৪৩১ সালের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ) | ৬,০০০/- |

নিম্নরূপভাবে সিডিউল বিক্রয়, দাখিল ও খোলার সময় ধার্য করা হলো।

| দরপত্র আহবানের পর্যায় | দরপত্র ফরম বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১ম বারঃ ০৪/০৩/২০২৪ খ্রিঃ ২০/১১/১৪৩০ বঙ্গাব্দ | ১ম বার ঃ ০৫/০৩/২০২৪ খ্রিঃ ২১/১১/১৪৩০ বঙ্গাব্দ | বেলা: ০২:০০ ঘটিকা |
| ২য় পর্যায় | ২য় বারঃ ১২/০৩/২০২৪ খ্রি ২৮/১১/১৪৩০ বঙ্গাব্দ | ২য় বার ঃ ১৩/০৩/২০২৪ খ্রিঃ ২৯/১১/১৪৩০ বঙ্গাব্দ | বেলা: ০২:০০ ঘটিকা |
| ৩য় পর্যায় | ৩য় বারঃ ২৪/০৩/২০২৪ খ্রিঃ ১০/১২/১৪৩০ বঙ্গাব্দ | ৩য় বার ঃ ২৫/০৩/২০২৪ খ্রিঃ ১১/১২/১৪৩০ বঙ্গাব্দ | বেলা: ০২:০০ ঘটিকা |

### -ঃ শর্তাবলী ঃ-

১। **উদ্বৃত দরের ১০০% ভাগ অর্থ যে কোন তপশীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর (ফেরত যোগ্য) মাধ্যমে মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভার অনুকূলে জমা দিতে হবে। ৫% জামানত হিসেবে অতিরিক্ত জমা দিতে হবে।** ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। জামানতের বাকি অর্থ ইজারার মেয়াদ শেষ হওয়ার পরে ফেরত দেওয়া হবে।

২। গৃহীত দরপত্রের উল্লেখিত দরের ১০% আয়কর ও ১৫ % ভ্যাট পত্র প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা বরাবর জমা দিতে হবে।

৩। সর্বোচ্চ দরদাতাকে সমস্ত অর্থ পরিশোধ পূর্বক ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ এর নির্দিষ্ট ফরমে (নিজ খরচে) চুক্তি পত্র সম্পাদন পূর্বক হাট-বাজারের দখল বুঝে নিতে হবে।

৪। হাট-বাজার ইজারা সম্পর্কে কোন অভিযোগ থাকলে দরপত্র অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট অভিযোগ পত্র দাখিল করতে হবে।

৫। ইজারাদারকে হাট-বাজারের টোল আদায়ের রেইট মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভার অনুমোদিত রেইট অনুযায়ী আদায় করতে হবে এবং টোল আদায়ের চার্ট নিজ খরচে সর্ব সাধারনের জ্ঞাতার্থে টাঙ্গিয়ে রাখতে হবে।

৬। ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট ইজারা বন্দোবস্ত বা সাবলীজ দিতে পারবে না। যদি অনুরুপ কার্য-কলাপ বা চুক্তি পত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তবে তার ইজারা সরাসরি বাতিল বলে গন্য হবে।

৭। যে তারিখেই ১৪৩১ বাংলা সালের হাট-বাজার ইজারা চুক্তি সম্পাদিত হোক না কেন তা ১ লা বৈশাখ ১৪৩১ তারিখ হতে ইজারা কার্যকরী হবে। তার পূর্বে কোন অবস্থাতেই ইজারা কার্যকরী হবে না।

৮। অসম্পূর্ন, অস্পষ্ট, কাটা-ছাটা, ঘষা-মাজা ও ওভার রাইটিং দরপত্র বাতিল বলে গন্য হবে।

৯। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে, তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। ইজারাদার হাট-বাজারের টোল আদায়ের রেইট অনুযায়ী টোল আদায় করবেন, উক্ত রেইট এর অতিরিক্ত হারে আদায় করলে তাৎক্ষনাৎ ইজারার চুক্তি কর্তৃপক্ষ বাতিল করতে পারবেন।

১১। দরপত্রের সাথে ভ্যাট ও আয়কর এর হালসনের সার্টিফিকেট সংযোজন করতে হবে।

১২। **দরপত্রের সাথে হালসনের ইজারাদারী ট্রেডলাইসেন্স অবশ্যই দাখিল করতে হবে।**

১৩। বিস্তারিত শর্তাবলী ইজারা প্রাপ্তির পর চুক্তিপত্রের মাধ্যমে কার্যকর করা হবে।

(শেখ তোজাম্মেল হক টুটুল)
মেয়র
টুঙ্গিপাড়া পৌরসভা।

# টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়
## টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

ফোন- অফিস: ০২৬৬৫৬৩০২

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- টুঙ্গি/পৌর/ইজারা/২০২৪/৪৪ তারিখঃ ১৮/০২/২০২৪ খ্রিঃ

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ-</u>

১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ, অবগতির জন্য।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ অবগতির জন্য।
৩। উপজেলা চেয়ারম্যান, টুঙ্গিপাড়া উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, অবগতি ও বহুল প্রচারের জন্য।
৪। উপজেলা নির্বাহী অফিসার টুঙ্গিপাড়া, অবগতি ও বহুল প্রচারের জন্য।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ, অবগতি ও বহুল প্রচারের জন্য।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
৭। ....................................................কাউন্সিলর, (সকল) টুংগীপাড়া পৌরসভ অবগতির জন্য।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা (সিনিয়র সহকারি সচিব)।
৯। পৌর নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা।
১০। নির্বাহী প্রকৌশলী, টুঙ্গিপাড়া পৌরসভা।
১১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, টুঙ্গিপাড়া, অবগতি ও বহুল প্রচারের জন্য
১২। হিসাব রক্ষন কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা।
১৩। ম্যানেজার .................................. ব্যাংক, টুঙ্গিপাড়া শাখা অবগতি ও বহুল প্রচারের জন্য।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, টুঙ্গিপাড়া থানা, অবগতি ও বহুল প্রচারের জন্য।
১৫। পৌরসভার তালিকাভুক্ত ঠিকাদারগণ।
১৬। সম্পাদক, দৈনিক বাংলাদেশ বুলেটিং, আওয়াল সেন্টার লেভেল ১২, ৩৪ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী ঢাকা।
১৭। সম্পাদক, দৈনিক বর্তমান গোপালগঞ্জ ..................................................................
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাটগাতী/কুশলী/তারাইল ইউনিয়ন ভূমি অফিস, তাকে তহশীল এলাকায় ঢোল সহরতের মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তি ঘোষনার জন্য অনুরোধ করা হলো।

(শেখ তোজাম্মেল হক টুটুল)
মেয়র
টুঙ্গিপাড়া পৌরসভা।

১৮/২/২৪